BICM
Endeavour Education Excellence

# বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা), ঢাকা-১০০০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক: বিআইসিএম/প্রশাসন/নিয়োগ ২০২১/১১/০০২/২১-১৯৬ তারিখ: ০৬/০৬/২০২১

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসারের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি প্রতিষ্ঠান। বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউটের বেতন ও সাংগঠনিক কাঠামো অনুযায়ী ইন্সটিটিউটের শূন্য পদে স্থায়ী এবং চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | বেতনস্কেল |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক<br>অনূর্ধ্ব ৫৫ বছর<br>২টি (স্থায়ী পদ) | প্রার্থীদের হিসাববিজ্ঞান / ফিন্যান্স বিষয়ে প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br>(ক) প্রার্থীদের ফিন্যান্স / হিসাববিজ্ঞান বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রী থাকা বাঞ্চনীয়। বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা সহযোগী অধ্যাপক/রিসার্চ ফেলো হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। অথবা<br>(খ) এম.ফিল বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের শিক্ষক বা গবেষক হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা সহযোগী অধ্যাপক/রিসার্চ ফেলো হিসেবে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(গ) যেসকল প্রার্থীর এম.ফিল বা সমমান / পিএইচডি বা সমমানের ডিগ্রী নেই শুধু স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে, তাঁদের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা সহযোগী অধ্যাপক/রিসার্চ ফেলো হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>প্রার্থীদের স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত ১০ (দশ) টি মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে ৪ (চার) টি সহযোগী অধ্যাপক/রিসার্চ ফেলো হিসেবে থাকার সময়ে প্রকাশিত।<br><br>শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ)/ চার্টার্ড একাউনট্যান্টস (সিএ)/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ)/চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ও পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট এ প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | মূল বেতন-১,১০,০০০/-টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ১,৭৩,১০০/- টাকা |

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | বেতনস্কেল |
|---|---|---|---|
| ২। | সহযোগী অধ্যাপক<br>অনূর্ধ্ব ৪৫ বছর<br>১টি (স্থায়ী পদ) | প্রার্থীদের পরিসংখ্যান বিষয়ে চার বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে। এসএসসি এবং এইচএসসিতে উভয়টিতে প্রথম বিভাগ বা ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ থাকতে হবে।<br>(ক)প্রার্থীদের পরিসংখ্যান বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রী থাকতে হবে। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ৭ (সাত) বছরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা সহকারী অধ্যাপক/এসোসিয়েট রিসার্চ ফেলো হিসেবে ৪ (চার) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(খ) এম.ফিল বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের শিক্ষক/গবেষক হিসেবে ০৯ (নয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা ৫ (পাঁচ) বছর সহকারী অধ্যাপক/এসোসিয়েট রিসার্চ ফেলো হিসেবে অভিজ্ঞতা।<br>অথবা<br>(গ) যে সকল প্রার্থীর শুধু স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে, তাঁদের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় ১১ (এগার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা বা সহকারী অধ্যাপক/এসোসিয়েট রিসার্চ ফেলো হিসেবে ০৬ (ছয়) বছরের অভিজ্ঞতা।<br>(ঘ) প্রার্থীদের স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত ৬(ছয়) টি মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে ৩ (তিন) টি সহকারী অধ্যাপক/এসোসিয়েট রিসার্চ ফেলো হিসেবে থাকার সময়ে প্রকাশিত।<br><br>শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ)/ চার্টার্ড একাউনট্যান্টস (সিএ)/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ)/চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ও পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট এ প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | মূল বেতন-৮৫,০০০/-টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ১,৩৩,৭০০/- টাকা |

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | বেতনস্কেল |
|---|---|---|---|
| ৩। | প্রভাষক<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>৬টি (স্থায়ী পদ) | প্রার্থীদের হিসাববিজ্ঞান/ফিন্যান্স / ব্যাংকিং/আইন বিষয়ে চার বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি বা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে। এসএসসি এবং এইচএসসিতে উভয়টিতে ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ থাকতে হবে।<br><br>শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ)/ চার্টার্ড একাউনট্যান্টস (সিএ)/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ)/চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ও পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট এ প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | মূল বেতন-৪৫,০০০/-টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ৭০,৫০০/- টাকা |
| ৪। | সহকারী লাইব্রেরীয়ান<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>১টি (স্থায়ী পদ) | (ক) তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় চার বছর মেয়াদী স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা সিজিপিএ ৪.০ এর মধ্যে ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসির যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা জিপিএ ৫.০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং বাংলা ও ইংরেজিতে টাইপ করার যোগ্যতা থাকতে হবে। মাইক্রোসফট অফিস এ্যাপ্লিকেশন জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। | মূল বেতন-২১,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ৩৬,১০০/- টাকা |
| ৫। | ফটোগ্রাফার<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>১টি (চুক্তিভিত্তিক) | (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) ফটোগ্রাফার হিসেবে ০১ বছরের চাকুরির অভিজ্ঞতা। ফটোগ্রাফি সংশ্লিষ্ট ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স সম্পন্ন থাকতে হবে। ডিএসএলআর ক্যামেরা চালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) এ্যাডোবি ফটোশপে কার্যকর দক্ষতা থাকতে হবে।<br>(ঘ) ফটো ও ভিডিও এডিটিং এর যোগ্যতাসম্পন্ন হতে হবে। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং বাংলা ও ইংরেজিতে টাইপ করার যোগ্যতা থাকতে হবে। | মূল বেতন-১৬,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ২৮,১০০/- টাকা |
| ৬। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>২টি (চুক্তিভিত্তিক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/বিভাগ বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হবে। প্রতি মিনিটে বাংলা কম্পিউটার কম্পোজ কমপক্ষে ২৫ ও ইংরেজী ৩০ শব্দের গতি। | মূল বেতন-১৫,০০০ টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ২৬,৫০০ টাকা |

BIOM
Endeavour Education Excellence

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | বেতনস্কেল |
|---|---|---|---|
| ৭। | রিসিপসনিস্ট<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>পদসংখ্যা-০১<br>১টি (চুক্তিভিত্তিক) | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ২য় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ তে স্নাতক ডিগ্রী।<br>(খ) ইংরেজী ও বাংলায় অনর্গল কথা বলার যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং বাংলা ও ইংরেজিতে টাইপ করার যোগ্যতা থাকতে হবে। মাইক্রোসফট অফিস এ্যাপ্লিকেশন জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। | মূল বেতন-১৪,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ২৪,৯০০/- টাকা |
| ৮। | গাড়ী চালক<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>পদসংখ্যা ০১টি<br>(স্থায়ী পদ)<br>মুক্তিযোদ্ধা কোটা | (ক) এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ।<br>(খ) পেশাদার মোটর ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। | মূল বেতন-১২,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ২১,৭০০/- টাকা |
| ৯। | অফিস সহায়ক<br>অনূর্ধ্ব ৩০ বছর<br>পদসংখ্যা ০১টি<br>(স্থায়ী পদ) | ন্যূনতম ২.৫ জিপিএ সহ এসএসসি পাশ।<br>(ডে কেয়ারে কাজ করা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে) | মূল বেতন-১১,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ২০,১০০/- টাকা |

* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

**দ্রষ্টব্য ঃ**

১। আবেদন পত্র আগামী ১৫/০৭/২০২১ তারিখের মধ্যে ডাকযোগে "পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪ তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম-১০ম তলা), ঢাকা-১০০০" ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১৫/৭/২০২১খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। নিম্নে বর্ণিত দলিলপত্রাদির অনুলিপি প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র; (খ) পেশাগত অভিজ্ঞতা ও প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে); (গ) ০৩ (তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি; (ঘ) প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি); (ঙ) জন্ম নিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্র; (চ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী নাগরিকত্ব সনদ; (ছ) ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। প্রয়োজনবোধে প্রার্থী অতিরিক্ত কাগজ ব্যবহার করে আবেদন পত্রের সাথে যুক্ত করতে পারবেন।

৫। খামের উপরে অবশ্যই পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং: ৮-এ আবেদন প্রার্থীদের মুক্তিযোদ্ধা কোটাধারী প্রার্থী হতে হবে। মুক্তিযোদ্ধা কোটার দাবীর স্বপক্ষে সংশ্লিষ্ট সকল কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র অথবা সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। শুধু সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচনা করা হবে।

৯। আবেদন পত্রে যাচিত তথ্য প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য না হলে "প্রযোজ্য নয়" লিখতে হবে।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইন্সটিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট